

## ■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৮৭৭

৭/ হজ (হজ/হজ) (الحج)

পরিচ্ছেদঃ ৪৯. হাজরে আসওয়াদ, রূকন ও মাকামে ইবরাহীমের ফ্যীলত

بَابٌ مَا جَاءَ فِي فَضْلِ الْحَجَرِ الْأَسْوَدِ وَالرُّكْنِ وَالْمَقَامِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ أَبْنِ عَبَّاسٍ،  
قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "نَزَلَ الْحَجَرُ الْأَسْوَدُ مِنَ الْجَنَّةِ وَهُوَ أَشَدُ  
بَيَاضًا مِنَ الْلَّبَنِ فَسَوَّدَتْهُ خَطَايَا بَنِي آدَمَ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو وَأَبِي  
هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৮৭৭। ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ  
জাগ্নাত হতে হাজরে আসওয়াদ অবতীর্ণ হয়েছিল দুধ হতেও বেশি সাদা অবস্থায়। কিন্তু এটিকে আদম সন্তানের  
গুণাহ এমন কালো করে দিয়েছে।

— সহীহ, মিশকাত (২৫৭৭), তালীকুর রাগীব (২/১২৩), আল-হাজ্জল কাবীর

আবদুল্লাহ ইবনু আমর ও আবু হুরাইরা (রাঃ) হতেও এই অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এই হাদীসটিকে আবু  
ঈসা হাসান সহীহ বলেছেন।

## English

Ibn Abbas narrated that:

The Messenger of Allah said: "The Black Stone descended from the Paradise, and it was more white than milk, then it was blackened by the sins of the children of Adam."

হাদিসের শিক্ষা

১। পাপের প্রভাব যখন কঠিন শক্ত কালো শিলা হাজরে আসওয়াদ পাথরের উপরে পড়ে পাথরকে প্রভাবিত করতে পারে, তাহলে তার প্রভাব হৃদয়ের উপরে পড়ে হৃদয়কে তো আরো বেশি প্রভাবিত করতে পারবে।

২। হাজরে আসওয়াদ: কাবাঘরের দক্ষিণ-পূর্ব কর্ণারে সিনা বরাবর দেড় মিটার উঁচুতে দেওয়ালের কোনে রূপার বৃত্তে গাঁথা কালো পাথরকে হাজরে আসওয়াদ বলে। কাবা ঘরের সাতবার চক্রের বা তাওয়াফ দেওয়ার কাজ এই হাজরে আসওয়াদ থেকেই শুরু করা হয়।

৩। প্রকৃত মুসলিম ব্যক্তির এই বিষয়টি জেনে নেওয়া অপরিহার্য যে, পাথরের দ্বারা কোনো উপকার কিংবা অপকার হয় না। কিন্তু কাবা ঘরের হাজরে আসওয়াদ পাথরটিতে চুম্বন দেওয়া ইসলামের শিক্ষা সম্মত একটি কাজ। তবে তার ইবাদত উপাসনা করা বৈধ নয়। তাই মানুষকে কষ্ট না দিয়ে তাতে চুম্বন দেওয়ার সুযোগ পাওয়া গেলে চুম্বন দেওয়া সুন্নাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হ্রসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্রাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=39778>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন